# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ লেনদেন ও ব্যবসা-বাণিজ্য

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কাগজের টাকার বিনিময়ে ধাতুর মুদ্রা (কয়েন) কম বেশী বেচা কেনা বৈধ কি? যেমন ১০ টাকার নোটর বিনিময়ে ৯ টাকার কয়েন নেওয়া বৈধ কি?

এ বিনিময়ে সমস্যা নেই। যেহেতু এক দেশীয় মুদ্রা হলেও উভয়ের মুল উপাদান ভিন্ন। (ইবনে জিবরিন, ইবনে উসাইমিন) আর নবী (সঃ) বলেছেন,

“সোনার বিনিময়ে সোনা, রুপার বিনিময়ে রুপা, গমের বিনিময়ে গম, যবের বিনিময়ে যব, খেজুরের বিনিময়ে খেজুর, লবণের বিনিময়ে লবণ ক্রয় বিক্রয় এর ক্ষেত্রে উভয় বস্তুকে যেমনকার তেমন, সমান সমান ও হাতে হাতে হতে হবে। অবশ্য যখন উভয় বস্তুর শ্রেণী বা জাত বিভিন্ন হবে তখন তোমরা তা যেভাবে (কম বেশী করে) ইচ্ছা বিক্রয় কর। তবে শর্ত হল, তা যেন হাতে হাতে নগদে হয়। (মুসলিম, মিশকাত ২৮০৮ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2234

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন